

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA

Date: 31-12-2025

Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যভিত্তিক "মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের" সূচনা করেন।
- (২) আর কয়েক ঘন্টার অপেক্ষা। শুরু হচ্ছে ইংরেজি নববর্ষ ২০২৬। বিদায় নেবে ২০২৫ খ্রীষ্টাব্দ। নতুন বছরকে স্বাগত জানাতে ও বর্তমান বছরকে বিদায় জানাতে রাজ্যবাসীও প্রস্তুত।
- (৩) রাম লালার প্রাণ প্রতিষ্ঠার দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।
- (৪) CBSE, দশম এবং দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষার পরিবর্তিত তারিখ ঘোষণা করেছে।
- (৫) →জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্ট→ আগামী ৩১ শে জানুয়ারি থেকে কৈলাশহরে শুরু হচ্ছে।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলা প্রজ্ঞা ভবনে রাজ্যভিত্তিক "মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের" সূচনা করেন। তিনি বলেন

অসংক্রমণ রোগ সম্পর্কে মানুষকে সচেতন করার পাশাপাশি এই সমস্ত রোগীদের রোগ সম্পর্কে প্রতিনিয়ত খোঁজখবর নেওয়া জরুরী। আগে থেকে সচেতন হলে সঠিক চিকিৎসার মাধ্যমে রোগ নির্ণয় করা সম্ভব। এক্ষেত্রে জীবনশৈলীর পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের চিকিৎসার সাফল্যের পাশাপাশি বিভিন্ন প্রকল্পের সঠিক বাস্তবায়নের সফল চিত্র তুলে ধরেন। মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের পাশাপাশি টি.বি. রোগ সংক্রান্ত বিষয় জ্ঞান বাড়ানোর জন্য এ.আই. পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম এর সূচনা করেন।

এই অভিযানের প্রথম পর্যায় চলবে ১৪ জানুয়ারি পর্যন্ত। দ্বিতীয় পর্যায় শুরু হবে পয়লা জুলাই। তিন বছরে রাজ্যের প্রায় সাড়ে ১৪ লক্ষ মানুষকে এই অভিযানের আওতায় আনার লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে।

NEW YEAR -2026 :

আর কয়েক ঘন্টার অপেক্ষা। শুরু হচ্ছে ইংরেজি নববর্ষ ২০২৬। বিদায় নেবে ২০২৫ খ্রীষ্টাব্দ। নতুন বছরকে স্বাগত জানাতে ও বর্তমান বছরকে বিদায় জানাতে রাজ্যবাসীও প্রস্তুত। আজ মধ্য রাতে বাজি পুড়িয়ে আনন্দ উল্লাসের মধ্যে দিয়ে নতুন বছরকে স্বাগত জানানোর রীতি রয়েছে এই রাজ্যেও। রাজধানী আগরতলাসহ রাজ্যের সর্বত্র এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। ইংরেজি নববর্ষ উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন- প্রতিটি নতুন বছর আমাদের কাছে নতুন নতুন প্রত্যাশা নিয়ে আসে। বিগত বছরের কর্মধারাকে পাথেয় করে আগামী দিনেও জনগণের প্রত্যাশা

পূরণে রাজ্য সরকার দায়বদ্ধতার সঙ্গে কাজ করতে সচেষ্ট রয়েছে। মুখ্যমন্ত্রী
নতুন বছরে রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন।

New year- police :

ইংরেজি বর্ষ বিদায় ও বর্ষ বরন শান্তিপূর্ণভাবে উদযাপন করতে দক্ষিণ জেলার
জনগনের কাছে আবেদন জানিয়েছেন পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্র শেখর।
আমাদের আকাশবানীর দক্ষিণ জেলার প্রতিনিধি বিপ্লব বৈদ্যকে এক
সাক্ষাৎকারে তিনি বলেন, জেলাজুড়ে ডিজে বাজানো নিষিদ্ধ ঘোষণা করা
হয়েছে, নেশাগ্রস্ত হয়ে বেপরোয়া গাড়ি চালালে যানবাহন বাজেয়াপ্ত করা হবে।

Sepahijala Sanctuary-PACKAGE STORY :

বছর শেষে ঠান্ডায় জবুথবু রাজ্য। এই বছরের শীতলতম দিন ছিল আজ।
শীতের আমেজ উপভোগ করার পাশাপাশি বৎসরান্তে বিভিন্ন পর্যটন কেন্দ্র
গুলিতে বেড়েছে পর্যটকদের ভিড়। একই দৃশ্য লক্ষ্য করা গেছে সিপাহীজলা
জেলার প্রতিটি পর্যটন কেন্দ্রে। এনিয়ে আমাদের সিপাহীজলা জেলার প্রতিনিধি
অভিজিত বর্ধনের একটি প্রতিবেদন।

#####V/O#####

G Ram G Shibrum Singh Chouhan : 31.12.2025

গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ বলেছেন যে, নতুন প্রণীত বিকশিত ভারত - রোজগার ও আজীবিকা মিশন (গ্রামীণ) আইন, ২০২৫ এর অধীনে এমজিএন রেগায় নিযুক্ত শ্রমিকদের কর্মসংস্থান সম্পূর্ণরূপে সুরক্ষিত। দেশজুড়ে কর্মরত এমজিএন রেগা কর্মীদের প্রতিনিধিদের সাথে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে আলাপচারিতায় মন্ত্রী এই কথা বলেন।

Bharat@2026 :

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান আজ ভারত সরকারের ২০২৬ সালের ক্যালেন্ডার প্রকাশ করেছেন। মন্ত্রী বলেন, ক্যালেন্ডার শুধুমাত্র তারিখ ও মাসের বার্ষিক প্রকাশনা নয়, এটি এমন একটি মাধ্যম যা ভারতের রূপান্তরের যাত্রাকে প্রতিফলিত করে, প্রশাসনের অগ্রাধিকারগুলি তুলে ধরে এবং ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যে সম্মিলিত সংকল্পকে পুনর্নবীকরণ করে।

এই ক্যালেন্ডারের থিম → **Bharat@2026: সেবা, সুরক্ষা ও সমৃদ্ধি**" এমন একটি ভারতকে উপস্থাপন করে যা তার পরিচয়ে সুরক্ষিত, তার প্রতিষ্ঠানগুলিতে শক্তিশালী এবং তার দীর্ঘমেয়াদী দৃষ্টিভঙ্গিতে স্পষ্ট।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-WWW.News On AIR. Com এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-News On AIR app নিউজ AIR-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন - নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM Ramlala :

উত্তর প্রদেশের অযোধ্যার পবিত্র ভূমিতে পালিত রাম লালার প্রাণ প্রতিষ্ঠার দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে, শ্রী মোদী এই বার্ষিকীকে বিশ্বাস ও ঐতিহ্যের একটি ঐশ্বরিক উৎসব হিসেবে বর্ণনা করেছেন।

IMD :

ভারতীয় আবহাওয়া দপ্তর – আই এম ডি ত্রিপুরায় তাদের দ্বিতীয় ডপলার রাডার স্থাপন করবে। এর জন্য রাজ্য সরকার জমি দেবে। আজ মহাকরনে সাংবাদিক সম্মেলনে আইএম ডি-র ডিরেক্টর জেনারেল ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্র একথা জানান। তিনি জানান, আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার

উপস্থিতিতে জমি প্রদানের বিষয়ে রাজস্ব সচিব বৃজেশ পাণ্ডে এবং আই এম ডি-র ডিরেক্টর জেনারেল ডঃ মহাপাত্রের মধ্যে সমঝোতা স্বাক্ষর হয়। ডঃ মহাপাত্র বলেন, দক্ষিণ ত্রিপুরার বিলোনিয়ায় এই ডপলার রাডার ও ওয়েদার স্টেশন স্থাপন করা হবে। ত্রিপুরায় আবহাওয়া পূর্বাভাসসহ আরও ভালো তথ্য আদান প্রদানেই এই ওয়েদার স্টেশন স্থাপন করা হবে। সাংবাদিক সম্মেলনে রাজস্ব সচিব বৃজেশ পাণ্ডে জানান, বিলোনিয়ায় ওয়েদার স্টেশন স্থাপনে রাজ্য সরকার দশমিক ২২ একর জমি দেবে।

CBSE :

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন - CBSE, দশম এবং দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষার পরিবর্তিত তারিখ ঘোষণা করেছে। CBSE জানিয়েছে, দশম শ্রেণীর বোর্ড পরীক্ষা, আগামী বছরের তেসরা মার্চের পরিবর্তে ১১ই মার্চ থেকে শুরু হবে। দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষা তেসরা মার্চের পরিবর্তে শুরু হবে ১০ই এপ্রিল থেকে। বোর্ড জানিয়েছে, প্রশাসনিক কারণে এই পরিবর্তন করা হয়েছে। স্কুলগুলিকে সংশ্লিষ্ট সব শিক্ষার্থী এবং অভিভাবকদের কাছে এই তথ্য পৌঁছে দিতে বলেছে সি বি এস ই।

Special story-India-World's New Production Engine :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে বিগত এক দশকের সংস্কার পরবর্তী সময়ে ঘুরে দাঁড়ানোর নির্ণায়ক বছর ২০২৫। উৎপাদন, প্রযুক্তি এবং বিশ্বজনীন

আস্থায় সারাদেশে উপযোগিতাকেন্দ্রিক পরিকাঠামোগত রূপান্তরনের চিত্র সামনে আসছে। একটি প্রতিবেদন।

#####V/O#####

Khaleda Jia :

প্রাক্তন প্রধানমন্ত্রী এবং বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার দাফন আজ ঢাকায় রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়।

ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর এবং নেপাল, শ্রীলঙ্কা, পাকিস্তান এবং অন্যান্য দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশীয় দেশগুলির প্রতিনিধিরা শেষ শ্রদ্ধা জানাতে সেখানে উপস্থিত ছিলেন।

HATHKARGHA MELA :

ত্রিপুরা হান্ডলুম অ্যান্ড হ্যান্ডিক্রাফটস ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড এবং দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে সাত্ত্বম মেলার মাঠে শুরু হয়েছে ১৫ দিনব্যাপী হথকরঘা ও হস্ততঁাত এক্সপো। উদ্বোধন করেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা।

NSS Special Camp :

কৈলাসহরের শ্রীরামপুর সূর্যমনি মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের জাতীয় সেবা প্রকল্প বা N.S.S এর সাতদিনব্যাপী বিশেষ শিবির আজ থেকে শুরু হয়েছে। সপ্তাহব্যাপী এই শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল।

Sports Minister-Tinku Roy :

→জেনারেল পদ্মজৎ স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্ট→ আগামী ৩১ শে জানুয়ারি থেকে কৈলাশহরে শুরু হচ্ছে।

ক্রীড়ামন্ত্রী টিংকু রায় -এর উপস্থিতিতে আজ কৈলাশহর সার্কিট হাউসে অনুষ্ঠিত এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

বৈঠক শেষে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় জানান, প্রায় দেড় দশক পর কৈলাশহরে জেনারেল পদ্মজৎ স্মৃতি ফুটবলের আসর বসবে। কৈলাশহর কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে এই টুর্নামেন্ট। মিজোরাম, মনিপুর, পশ্চিমবঙ্গ থেকে খ্যাতনামা ফুটবল দলগুলি এতে অংশ নেবে।

Weather :

আবহাওয়া দপ্তর জানিয়েছে আজকে ছিল এখন পর্যন্ত এই মরসুমের শীতলতম দিন। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৭.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৪ ডিগ্রি সেলসিয়াস। এদিকে, আগামীকাল আকাশ আংশিক মেঘলা থাকবে। আজ রাত থেকে আগামীকাল সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী, ধলাই ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।
